



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।  
(সার ব্যবস্থাপনা বিভাগ)

পত্র নং ১২.২৪২.০১৬.১৪.০০.২৮১.২০১৬- ৭৬২

তারিখঃ ১৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ।

বরাবর,

যুগ্ম-পরিচালক (সার)  
বিএডিসি, কুমিল্লা।

বিষয়ঃ অক্টোবর/২০১৬ মাসের চাহিদার অতিরিক্ত হিসাবে বিএডিসি'র আমদানিকৃত টিএসপি, ডিএপি ও এমওপি সার সরবরাহ প্রদান।

সূত্রঃ কৃষি মন্ত্রণালয়ের এফএমএম অধিশাখা'র পত্র নং ১২.০০.০০০০.০৩০.৪০.১৪৯.১৬-২৫৬ তাং ২৫/১০/২০১৬ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সুনামগঞ্জ (জগন্নাথপুর) জেলায় অক্টোবর/২০১৬ মাসের চাহিদার অতিরিক্ত হিসাবে ৩০০.০০ মে. টন টিএসপি, ৩০০.০০ মে. টন ডিএপি এবং ২০০.০০ মে. টন এমওপি সার বিএডিসি'র মেডডা, ব্রাঙ্কনবাড়িয়া সার গুদাম হতে সরবরাহের জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, ভরতুকি'র আওতায় টিএসপি সারের টনপ্রতি বিক্রয়মূল্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ডিএপি সারের টনপ্রতি বিক্রয়মূল্য ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা ও এমওপি সারের টনপ্রতি বিক্রয়মূল্য ১৩,০০০/- (তের হাজার) টাকা নির্ধারিত রয়েছে। কাজেই, বিএডিসি কর্তৃক আমদানিকৃত সার জেলা/ উপজেলায় নিয়োজিত বিসিআইসি সার ডিলার ও বীজ ডিলার হতে নিবন্ধিত বিএডিসি সার ডিলারদের মাধ্যমে বিক্রয়ের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করতে হবে :

- ১। কৃষি মন্ত্রণালয়ের জেলাওয়ারী সার বরাদ্দ ও ভরতুকি প্রদানের নীতিমালা এবং "জেলা সার ও বীজ মনিটরিং কমিটি" কর্তৃক সংশ্লিষ্ট জেলার অনুমোদিত ডিলারভিত্তিক উপ-বরাদ্দ অনুযায়ী সার বিতরণ।
- ২। সংশ্লিষ্ট ব্যাংকের "বিএডিসি সার প্রাপ্তি হিসাব" শিরোনামে সারের মূল্য বাবদ অর্থ ডিডি/ পে-অর্ডারের যথার্থতা যাচাইয়ের মাধ্যমে বিধি মোতাবেক সার সরবরাহ।
- ৩। ডিলারভিত্তিক (নাম, ঠিকানা ও নিবন্ধন নং সহ) সার বিক্রয়ের পরিমাণ অনতিবিলম্বে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি সহ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাকে পত্র মারফত অবহিতকরণ।
- ৪। সার উত্তোলনকারী ডিলারগণকে তাদের ক্রয়কৃত সারের পরিমাণ ও পরিবহণ সংক্রান্ত আগমণী বার্তা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিক্রয়কেন্দ্র বরাবর দাখিলের জন্য নির্দেশনা প্রদান।
- ৫। কৃষি মন্ত্রণালয় প্রদত্ত নির্দেশনা ও বরাদ্দ অনুযায়ী ডিলারভিত্তিক সার উপ-বরাদ্দ নিশ্চিত করার প্রয়োজনে যুগ্ম-পরিচালক (সার) গণ সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর সাথে ব্যক্তিগত যোগাযোগ করবেন।

অপূর্ণঃ

৬। বরাদ্দপ্রাপ্ত ডিলারগণ কর্তৃক তাদের অনুকূলে বরাদ্দকৃত সমুদয় সার উত্তোলন বিষয়ে নিশ্চিত বিধানকল্পে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে উপস্থাপন ও সিদ্ধান্ত গ্রহণের কার্যকরী পদক্ষেপ গ্রহণ।

দেশে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকার নির্ধারিত মূল্যে অনুমোদিত বিসিআইসি সার ডিলার ও বীজ ডিলার হতে নিবন্ধিত বিএডিসি সার ডিলারদের নিকট বিএডিসি'র আমদানিকৃত সার বিক্রয়পূর্বক কৃষক পর্যায়ে সহজলভ্যতা নিশ্চিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।




(মুহাম্মদ মাহফুজ-উল-হুক)  
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)  
বিএডিসি, ঢাকা।  
ফোন-৯৫৫ ৪০১৬

পত্র নং ১২.২৪২.০১৬.১৪.০০.২৮১.২০১৬-  
অনুলিপিঃ

তারিখঃ নভেম্বর ২০১৬ খ্রিঃ।

০১. জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, সুনামগঞ্জ।
০২. উপ প্রধান, এফ. এম. এম. অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, সুনামগঞ্জ।
০৫. মহা-পরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
০৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০৭. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৮. সহকারী পরিচালক (সার)/ উপ-সহকারী পরিচালক (সার), বিএডিসি, মেডডা, ব্রাহ্মণবাড়িয়া।
০৯. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা।
১০. দপ্তর কপি।



(মুসতাক আহমেদ)  
ব্যবস্থাপক (বিক্রয়)  
বিএডিসি, ঢাকা।  
ফোন- ৯৫৫ ০৫৫৬